পুলিশের কাছে স্বাক্ষী হিসাবে জবানবন্দি দেওয়া – পরবর্ততে কি হবে?

CRIMINAL JUSTICE SYSTEM cjs

স্বাক্ষী হিসাবে এগিয়ে আসার জন্য আপনকে ধন্যবাদ। আমরা আপনার সাহায্যকে মূল্য দেই।

ক্রিমিনাল জাস্টিজ সিস্টেম (ফৌজদারী বিচার ব্যবস্থা) স্বাক্ষী প্রমাণ ছাড়া চলতে পারে না। অপরাধীকে বিচারের সম্মুখীন করার জন্য সাক্ষীরা অত্যন্ত গুরুত্বপূর্ণ ।

এখন আপনি জবানবন্দি দিয়েছেন, আপনাকে হয়তো কোর্টে হাজির হয়ে সাক্ষ্য দেওয়ার অনুরোধ করা হতে পারে।

আর কোন কিছু আছে কি, যা আমি করতে পারি?

হ্যাঁ। পুলিশকে সবকিছু বলা অত্যন্ত গুরুত্বপূর্নঃ

- আপনি যদি জবানবন্দি দেবার সময় কোন কিছু বাদ দেন বা যদি আপনার দেয়া জবানবন্দি সঠিক না হয়;
- যদি আপনার ফোন নম্বর বা ঠিকানা পরিবর্তন হয় (স্বাক্ষীর সাথে সময়মত যোগাযোগ করতে না পারার কারণে বিচারকার্য প্রতিদিনই বাধাগ্রস্থ হয় বা মুলতবি করতে হয়); এবং
- কোন কোন তারিখে আপনি আদালতে যেতে পারবেন না দয়া করে যে কোন পরিবর্তন সম্পর্কিত তথ্য যত তাড়াতাড়ি সম্ভব আদালতকে অবহিত করুন। এই তথ্যগুলো বিচারের তারিখ নির্ধারনের সময় প্রয়োজন হয়।

সন্দেহভাজন ব্যক্তি (বিবাদী) বা বিবাদীর আইনজীবিকে কি আমার ঠিকানা দেয়া হবে?

না, আপনার জবানবন্দি যে কাগজে লিপিবদ্ধ করা হয়, তার পেছনে আপনার ঠিকানা লেখা থাকে এবং বিবাদী বা তার সলিসিটর একমাত্র আপনার লিখিত জবানবন্দির সামনের অংশ পেয়ে থাকে। এছাড়া স্বাক্ষীকে সাধারণতঃ আদালতে তাদের ঠিকানা বলার জন্য বলা হয় না। বিবাদী বা তার সলিসিটরকে সাধারণত যে কোন স্বাক্ষীর নাম বলা হয়।

আমি যে জবানবন্দি দেবো তার কি হবে?

যদি সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে এই ঘটনার সূত্র ধরে চার্জ গঠন করা হয় তাহলে, আপনার জবানবন্দির কপি ক্রাউন প্রসিকিউশন সার্ভিসে(সিপিএস) পাঠানো হবে। ইংল্যান্ড এবং ওয়েলসের শাস্তিযোগ্য অপরাধের জন্য অভিযুক্ত কোন ব্যক্তিকে বিচারের সম্মুখিন করার দায়িত্ব হলো সিপিএস–এর।

কে বা কারা আমার জবানবন্দি পড়বে?

মামলার সাথে সম্পর্কিত সবাই আপনার জবানবন্দি পড়ার সুযোগ পাবে (যেমন–পুলিশ, সিপিএস, আসামী এবং ম্যাজিস্ট্রেট বা জজ)।

কেউ যদি আমাকে ভয় দেখানোর চেষ্টা করে তা হলে কি হবে?

তদন্ত কাজে পুলিশকে সাহায্যকারী কোন স্বাক্ষী বা অন্য কাউকে হুমকি প্রদান (ভয় দেখানো) একটি শাস্তিযোগ্য অপরাধ। আপনি যদি বিচারের আগে, বিচার চলাকালীন বা বিচারের শেষে কারো দ্বারা কোন ভাবে হয়রানি বা হুমকির সম্মুখীন হন তাহলে অবশ্যই পুলিশকে সাথে সাথে জানানো প্রয়োজন।

মামলায় কি কি অগ্রগতি হচ্ছে তা কি আমাকে জানানো হবে?

মামলায় কি কি অগ্রগতি হচ্ছে তা বাদী বা অপরাধের ভূক্তভোগী ব্যক্তি এবং স্বাক্ষীকে অবহিত করার পদ্ধতিগুলো পুলিশ এবং সিপিএস উন্নততর করছে, কিন্তু সব মামলার ক্ষেত্রে এটা করা সম্ভব নয়। মনে রাখবেন আপনার যদি কোন ধরনের প্রশ্ন বা উদ্বেগ থাকে তাহলে আপনি যে কোন সময় পুলিশের সাথে যোগাযোগ করতে পারবেন। যোগাযোগ সংক্রান্ত বিস্তারিত এই লিফলেটের ৭–এর পাতায় দেখুন।

আপনাকে যদি আদালতে যেতে হয় তাহলে আপনার সাথে যোগাযোগ করা হবে (তা অনপনার জবানবন্দির বেশ কিছুদিন পরে হতে পারে, কেননা মামলার প্রস্তুতি গ্রহনের জন্য সময় লাগে)।

অপরাধের শিকার ব্যক্তিকে সাধারণত নিম্নলিখিত বিষয়গুলো জানানো হয় ঃ

- যদি আসামীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়;
- জামিন দেয়া এবং আদালতে কি হয়েছে তা সম্পর্কিত; এবং
- যদি কোন কারণে মামলা না চলে।

কিন্তু স্বাক্ষীদের (যারা ঘটনার শিকার নন) সাথে হয়তো পুনরায় যোগাযোগ নাও করা হতে পারে যদি ঃ

- যদি আসামী অপরাধ স্বীকার করে এবং অনদালতও তাকে সতর্ক করে বা অপরাধী বলে সাব্যস্ত করেন;
- আসামীকে বিচারের সম্মুখীন করার জন্য পর্যাপ্ত পরিমাণ প্রমাণাদি না থাকে; বা
- কোন আসামীকে চিহ্নিত করা না যায়।

আমাকে কি আদালতে যেতে হবে?

আপনাকে শুধুমাত্র আদালতে যেতে হবে যদি বিবাদী বা অনসামী ঃ

- অভিযোগ অস্বীকার করে এবং অপরাধ স্বীকার না করে; বা
- অপরাধ স্বীকার করে কিন্তু সংঘটিত অপরাধের গুরুত্বপূর্ণ অংশগুলো অস্বীকার করে যার কারনে সে যে শাস্তি পেতে পারতো তা প্রভাবিত হতে পারে।

আপনাকে যদি আদালতে তলব করা হয় তাহলে প্রসিকিউশন এবং আসামী পক্ষের আইনজীবি আপনার দেয়া সাক্ষ্য সম্পর্কে আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে। আপনার স্মৃতিকে পুনরায় ঝালিয়ে নেবার জন্য আপনার জবানবন্দি আপনি আবার পড়ার সুযোগ পাবেন।

আপনি যদি জবানবন্দি দিয়ে থাকেন এবং তারপর আপনাকে সাক্ষ্য দেবার জন্য আদালতে যেতে বলা হয় তাহলে আপনাকে তা করতে হবে। আর আপনাকে যদি স্বাক্ষী দেবার জন্য আদালতে যাবার জন্য বলা হয়, তাহলে আপনাকে যা পাঠানো হবেঃ

- কখন এবং কোথায় যেতে হবে সে সম্পর্কিত একটি চিঠি; এবং
- ব্যাখ্যামূলক একটি লিফলেট।

আমি যদি আদালতে না যাই তাহলে কি হবে?

আদালতে যাওয়া সম্পর্কিত আপনার যদি কোন ধরনের সমস্যা বা বক্তব্য থাকে তাহলে যে আপনাকে আদালতে যাবার জন্য অনুরোধ করেছেন তাকে যত তাড়াতাড়ি সম্ভব অবশ্য জানাতে হবে। আপনার আদালতে যাওয়া যদি জরুরি হয় এবং এটা বিশ্বাস করার যথেষ্ট কারণ থাকে যে আপনি স্বেচ্ছায় আদালতে যাচ্ছেন না, তাহলে আদালত আপনার বিরুদ্ধে সমন জারি করতে পারে। তারপরও যদি আপনি কোন ধরনের যৌক্তিক কারণ ব্যতিত আদালতে হাজির না হন তাহলে আদালত আপনার বিরুদ্ধে ‘আদালত অবমাননা’র দায়ে আপনাকে জরিমানা করতে পারে এবং আপনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করতে পারে।

মামলার শুনানি কোথায় হবে?

অধিকাংশ মামলার শুনানি ম্যাজিস্ট্রেটস্ বা ডিস্ট্রিক্ট জজ কর্তৃক ম্যাজিস্ট্রেট কোর্টে হয়ে থাকে। তবে, মারাত্মক অপরাধ সংক্রান্ত মামলাগুলোর শুনানি জুরিগণের সামনে ক্রাউন কোর্টে হয়ে থাকে।

কে বা কারা সাহায্য করতে পারে?

প্রতিটি আদালতে ভিক্টিম সাপোর্ট কর্তৃক পরিচালিত একটি মুক্ত এবং গোপনীয় (ফ্রি এন্ড কনফিডেন্সিয়াল) উইটনেস্ সার্ভিস রয়েছে এবং আপনি তাদের সাথে শুনানির পূর্বে যোগাযোগ করতে পারবেন। উইটনেস্ সার্ভিসের স্বেচ্ছাসেবক বা ভলান্টিয়াররা আপনাকে সাহায্য করতে পারবেঃ

- আদালতে কি হয় সে সম্পর্কিত তথ্য দিয়ে;
- মানসিক সহায়তা এবং কারো সাথে গোপনীয়ভাবে কথা বলার সুযোগ;
- সাক্ষ্য দেবার সময় আদালত কক্ষে অনপনার সাথে যাওয়ার জন্য কাউকে দিয়ে; এবং
- শুনানির পূর্বে আদালত কেন্দ্র ঘুরে দেখার সুযোগ এবং যতটুকু সম্ভব আদালত কক্ষ ঘুরে দেকিয়ে, যাতে করে আপনি জানতে বা বুঝতে পারেন আপনাকে কি করতে হবে।

উইট্নেস্ সার্ভিস সাক্ষ্য প্রমাণ নিয়ে আলোচনা করবে না বা কোন ধরনের আইনী পরামর্শ দিবে না।

আপনার এলাকার উইট্নেস্ সার্ভিস (Witness Service) সম্পর্কে জানতে হলে ফোন বুকে ম্যাজিস্ট্রেট্ কোর্ট (Magistrates' Court) বা ক্রাউন কোর্ট (Crown Court) সংক্রান্ত অংশ দেখুন। অথবা আপনি 0845 30 30 900 এই নম্বরে ফোন করতে পারেন।

সাক্ষ্য দেবার সময় হুমকীর সম্মূখীন স্বাক্ষীদের জন্য অতিরিক্ত সাহায্যের ব্যবস্থা করা যেতে পারে। যদি সিপিএস–এর আইনজীবিরা মনে করেন যে ‘বিশেষ ব্যবস্থার বিবেচনায় স্বাক্ষীর অতিরিক্ত সাহায্য পাবার অধিকার রয়েছে তাহলে তারা ম্যাজিস্ট্রেট বা জজকে এগুলো ব্যবহারের জন্য অনুরোধ করতে পারেন। উইট্‌নেস সার্ভিস ভলান্টিয়ার, পুলিশ এবং সিপিএস আপনার কি ধরনের সাহায্যের প্রয়োজন রয়েছে সে ব্যাপারে আলোচনা করতে পারে।

যে কর্মকর্তা আপনার জবানবন্দি লিপিবদ্ধ করবেন তাকে নিম্নোক্ত বিস্তারিত পূরণ করতে হবে ।

যে কর্মকর্তা আপনার মামলা দেখাশুনা করছেন বা আপনার বক্তব্য লিপিবদ্ধ করছেন তার নাম

পদবি

পুলিশ নম্বর বা স্টেশন

যোগাযোগের ফোন নম্বর

যোগাযোগের ইমেল ঠিকানা

মামলার নথি বা রেফারেন্স নম্বর

এই বিস্তারিত বিষয়গুলো কোথাও নিরাপদে রাখুন

যে কর্মকর্তা আপনার মামলা দেখাশুনা করছেন তিনি আপনাকে সাহায্য করতে পারবেন কিন্তু সব সময় হয়তো তাৎক্ষণিকভাবে তাকে নাও পাওয়া যেতে পারে। আপনার যদি কোন ধরনের প্রশ্ন বা মতামত থাকে, তাহলে আপনি নিম্নোক্ত নম্বরে ফোন করতে পারেন।

আমরা আপনাকে সাহায্য করার জন্য যথা সম্ভব সব করবো ।

আমি কি অন্য কোথাও থেকে আরো তথ্য পেতে পারি?

আপনি ক্রিমিনাল জাস্টিজ সিস্টেম(পুলিশ, আদালত এবং সিপিএস) সম্পর্কিত সাধারণ তথ্য এবং একজন স্বাক্ষী হিসেবে আরো বিস্তারিত তথ্য www.cjsonline.org/witness থেকে পেতে পারেন। বিভিন্ন ধরনের অপরাধের শিকার সম্পর্কিত আরো বিস্তারিত ইনফরমেশনের জন্য দেখুন www.cjsonline.org/victims.

সমগ্র যুক্তরাজ্য ব্যাপি ৬০০০ হাজারের বেশি ইউকে অনলাইন সেন্টারে বিনামূল্যে অথবা কম খরচে ইন্টারনেট ব্যবহারের সুযোগ দিয়ে থাকে। আপনার নিকটতম সেন্টার কোথায় তা খুঁজে পেতে 0800 77 1234 নম্বরে ফোন করুন।

আপনি এই লিফলেট ক্যান্টোনিজ, গুজরাটি, পা াবি, হিন্দি, উর্দু, সোমালী, ভিয়েতনামিজ, গ্রীক, তার্কিশ্ এবং এ্যারাবিক ভাষাতেও পেতে পারেন। এছাড়া আপনি এই লিফলেট বড় অক্ষরে, ব্রেইল বা অডিওটেপে পেতে পারেন। বিস্তারিত জানার জন্য আপনার লোকাল পুলিশ স্টেশনে যোগাযোগ করুন।

Home Office

BUILDING A SAFE, JUST
AND TOLERANT SOCIETY

Bengali

হোম অফিস কমিউনিকেশন ডাইরেক্টরেট কর্তৃক ডিসেম্বর ২০০৩ সালে প্রকাশিত।